



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে মেধাবৃত্তি প্রদান

শিক্ষাজীবনে ভালো ফলাফল করার জন্য ২০৬ জন শিক্ষার্থীকে মেধাবৃত্তি প্রদান করেছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বেশিরভাগই ছাত্রী। রোববার সকালে রাজধানীর আফতাবনগরের ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে এই বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. দিল আফরোজা বেগম। অনুষ্ঠানে ড. দিল আফরোজা বেগম বলেন, তার নিজের অধ্যয়নকালে পরাধীন দেশে মেয়েদের কোনো বৃত্তি ছিল না। এখন স্বাধীন বাংলাদেশে নানান ধরনের বৃত্তি প্রদান করা হয়। তাই শিক্ষাজীবন শেষে সততার সঙ্গে দেশের জন্য কাজ করতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রতি তিনি আহ্বান জানান। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে আয়োজিত এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান। পরে তারা ২০১৬ সালের 'স্প্রিং', 'সামার' ও 'ফল' সেমিস্টারে মেধাবৃত্তি পাওয়া ২০৬ জন শিক্ষার্থীর হাতে সনদ তুলে দেন। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারপারসন, শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা এই বৃত্তি প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।